# অধ্যায় ৭
# কাজের মর্যাদা

## ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- বিভিন্ন পেশার মানুষের পরিচয়
- বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন পেশার মানুষের অবদান সম্পর্কে
- ছোট-বড় সব পেশার গুরুত্ব সম্পর্কে
- নিজের কাজ নিজে করার গুরুত্ব সম্পর্কে

## ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

মানুষের বিভিন্ন প্রয়োজন মেটাতে সমাজে বিভিন্ন পেশার সৃষ্টি হয়েছে। প্রতি পেশার মানুষই তাঁদের শিক্ষা, মেধা ও অভিজ্ঞতার মাধ্যমে সমাজের বিভিন্ন ক্ষেত্রে শ্রম দিয়ে থাকেন। সমাজের উন্নয়নে কোনো পেশার অবদান কোনো অংশে কম নয়। আমরা সব পেশার মানুষকে সম্মান করব। নিজের কাজ নিজে করব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. কায়িক শ্রমভিত্তিক একটি কাজের নাম লেখ।**

**উত্তর :** কায়িক শ্রমভিত্তিক একটি কাজ হলো রিকশা চালানো।

**২. হাসপাতালে কী ধরনের পেশামূলক কাজ করা হয়?**

**উত্তর :** হাসপাতালে সেবামূলক কাজ করা হয়।

**৩. আইনি পেশার উদ্দেশ্য কী?**

**উত্তর :** আইনি পেশার উদ্দেশ্য হলো মানবসমাজে সৃষ্ট বিভিন্ন সমস্যার যৌক্তিক সমাধান।

**৪. কীভাবে আমরা সকল পেশার মানুষদের সম্মান করতে পারি?**

**উত্তর :** ভালো ব্যবহারের মাধ্যমে এবং ক্ষেত্র অনুযায়ী উপযুক্ত পারিশ্রমিক প্রদানের মাধ্যমে আমরা সকল পেশার মানুষকে সম্মান করতে পারি।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. কোন কাজটিকে তোমার সবচেয়ে কঠিন মনে হয়?**

**উত্তর :** রিকশা চালানোর কাজটিকে আমার সবচেয়ে কঠিন মনে হয়।

**২. তুমি ভবিষ্যতে কোন পেশায় কাজ করতে চাও?**

**উত্তর :** আমি ভবিষ্যতে শিক্ষকতা পেশায় কাজ করতে চাই।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ

| | |
|---|---|
| ক) সমাজে মানুষ নানা প্রয়োজনে | দরকারি জিনিসপত্র ক্রয় করি। |
| খ) সমাজে সব পেশার | ভালো ব্যবহার করব। |
| গ) শ্রমকে আমরা | পরস্পরের উপর নির্ভরশীল। |
| ঘ) সব পেশার মানুষের সাথে | শ্রদ্ধা করব। |
| ঙ) ব্যবসায়ীর কাছ থেকে আমরা | গুরুত্ব রয়েছে। |
| | ঘৃণা করব। |

**উত্তর :**

ক) সমাজে মানুষ নানা প্রয়োজনে **পরস্পরের উপর নির্ভরশীল।**

খ) সমাজে সব পেশার **গুরুত্ব রয়েছে।**

গ) শ্রমকে আমরা **শ্রদ্ধা করব।**

ঘ) সব পেশার মানুষের সাথে **ভালো ব্যবহার করব।**

ঙ) ব্যবসায়ীর কাছ থেকে আমরা **দরকারি জিনিসপত্র ক্রয় করি।**

❑ **শুদ্ধ/অশুদ্ধ নির্ণয়**

ক) মাঝিরা নৌকা দিয়ে মালামাল আনা নেওয়া করে।

খ) গৃহকর্মীরা নিজের প্রয়োজন অনুযায়ী নানা কাজ করেন।

গ) শ্রমিকরা অফিস আদালতে কাজ করেন।

ঘ) মানুষ সরকারি ও বেসকারি অফিস থেকে বিভিন্ন তথ্য জানতে পারে।

ঙ) পুলিশ যানবাহন চলাচলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'অশুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

❑ **শূন্যস্থান পূরণ**

ক) প্রত্যেক পেশার মানুষ —— দিয়ে থাকেন।

খ) সব ধরনের পেশাকে আমাদের —— দিতে হবে।

গ) —— পরিবহনের জন্য আমরা যানবাহন ব্যবহার করি।

ঘ) অফিসকর্মীরা প্রয়োজনে —— ও —— ব্যবহার করেন।

ঙ) বিচারকাজে —— গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

**উত্তর : ক)** শ্রম **খ)** মর্যাদা **গ)** মালামাল **ঘ)** কম্পিউটার, ইন্টারনেট **ঙ)** আইনজীবীরা।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

➲ **সাধারণ**

### শ্রমজীবী

**১. আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ শিল্প কোনটি?** ঘ

ক চা শিল্প খ রাবার শিল্প

গ সার শিল্প ঘ পোশাক শিল্প

**২. পরিচ্ছন্নতাকর্মীর কাজ কী?** গ

ক মাটি কাটা

খ নিরাপদ পানির ব্যবস্থা করা

গ পরিবেশ পরিচ্ছন্ন ও নিরাপদ রাখা

ঘ মালামাল বহন করা

**৩. রিকশা, বাস, ট্রাক, ট্যাক্সি ইত্যাদি যানবাহনের সাথে জড়িত লোকজনকে কী বলা হয়?** ক

ক পরিবহন শ্রমিক খ পরিচ্ছন্নতাকর্মী

গ কারখানার শ্রমিক ঘ অফিস কর্মী

**৪. শিল্পকারখানায় কারা কাজ করেন?** খ

ক ধোপা খ শ্রমিক গ মাঝি ঘ গৃহকর্মী

**৫. রেল স্টেশনে কাজ করেন কারা?** ক

ক শ্রমিক খ ধোপা গ গৃহকর্মী ঘ মাঝি

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল:** সব পেশাকে গুরবত্ব দেব।

**৬. সব ধরনের পেশাকে আমাদের মর্যাদা দিতে হবে, কারণ তারা আমাদের–** ক

ক দৈনন্দিন জীবনযাপনে সাহায্য করেন

খ মালামাল পরিবহন করেন

গ বিভিন্ন দ্রব্যের জোগান দেন

ঘ পোশাক তৈরি করেন

**শিখনফল :** শ্রমজীবী মানুষের পরিচয় পাব।

**৭. তুমি প্রতিদিন সকালে স্কুলে যাওয়ার পথে কয়েকজন নারী–পুরুষকে রাস্তা পরিষ্কার করতে দেখ। এরা কারা?** গ

ক গৃহকর্মী খ শ্রমিক

গ পরিচ্ছন্নতাকর্মী ঘ টোকাই

### চাকরিজীবী

➲ **সাধারণ**

**৮. আমাদের বিভিন্ন প্রয়োজনে তথ্য সরবরাহ করেন করা?** গ

ক প্রকৌশলীরা খ ডাক্তাররা

গ অফিস কর্মীরা ঘ ব্যবসায়ীরা

**৯. অফিস কর্মীরা তাদের নানা প্রয়োজনে কী ব্যবহার করেন?** খ

ক টেলিফোন ও কলবেল খ কম্পিউটার ও ইন্টারনেট

গ মোবাইল ও ফ্যাক্স ঘ মোবাইল ফোন ও ইন্টারনেট

**১০. পণ্য ক্রয়–বিক্রয় ছাড়াও ব্যবসায়ীরা আর কী কাজ করেন?** খ

ক) পণ্য ভোগ, বণ্টন খ) পণ্য আমদানি, রপ্তানি
গ) পণ্য উৎপাদন, বণ্টন ঘ) পণ্য ভোগ, আমদানি

১১. দালান, সড়ক ও সেতু তৈরির কাজ করেন কে? **গ**
ক) ডাক্তার খ) ফার্মাসিস্ট
গ) প্রকৌশলী ঘ) শিক্ষক

১২. বিভিন্ন ধরনের মালপত্র কেনাবেচা করেন কে? **ঘ**
ক) পুলিশ খ) প্রকৌশলী গ) শ্রমিক
ঘ) ব্যবসায়ী

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** পেশাজীবীর কাজ সম্পর্কে জানতে পারব।

১৩. তোমার ভাই একজন ফার্মাসিস্ট। তার কাজ হলো– **ক**
ক) ওষুধ তৈরি করা খ) রোগী দেখা
গ) রোগ নির্ণয় করা ঘ) অপারেশন করা

**শিখনফল:** পেশার গুরুত্ব বুঝতে পারব।

১৪. আকিবের জরুরি বিষয়ে একটি তথ্য প্রয়োজন। এ ব্যাপারে তাকে সাহায্য করতে পারে– **ঘ**
ক) ফার্মাসিস্ট খ) ডাক্তার
গ) শিক্ষক ঘ) অফিস কর্মী

## আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত পেশা

➲ সাধারণ

১৫. কেউ অপরাধমূলক কাজ করলে তাকে কী করা হয়? **ক**
ক) বিচারের আওতায় আনা হয়
খ) অসম্মান করা হয়
গ) ফাঁসিতে ঝোলানো হয়
ঘ) ক্ষমা করে দেওয়া হয়

১৬. বিচারক অপরাধীদের কোথায় বিচার করেন? **খ**
ক) বিদ্যালয়ে খ) আদালতে
গ) বাজারে ঘ) খেলার মাঠে

১৭. আইনের ব্যাখ্যা দিয়ে আদালতে সহায়তা করেন কে? **খ**
ক) বিচারক খ) আইনজীবী
গ) মুহুরি ঘ) পুলিশ

১৮. আদালতে কয় পক্ষের আইনজীবী থাকেন? **খ**
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

১৯. দেশের আইন শৃঙ্খলা রক্ষায় কাজ করেন কারা? **গ**
ক) আইনজীবীগণ খ) প্রকৌশলীগণ
গ) পুলিশ বাহিনী ঘ) ব্যবসায়ীগণ

২০. আদালতে বসে বিচার করেন কে? **ক**
ক) বিচারক খ) আইনজীবী
গ) পুলিশ ঘ) প্রকৌশলী

২১. অপরাধীকে ধরে বিচারের সম্মুখীন করা কার প্রধান দায়িত্ব? **গ**
ক) আইনজীবীর খ) প্রকৌশলীর
গ) পুলিশের ঘ) ব্যবসায়ীর

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** বিভিন্ন পেশার মানুষের কাজ সম্পর্কে জানব।

২২. বিচারকার্যে সহায়তা করা একটি গুরুত্বপূর্ণ পেশা। এ কাজের ভূমিকায় থাকেন কে? **গ**
ক) বিচারক খ) পুলিশ
গ) আইনজীবী ঘ) বাদী

২৩. রফিক সাহেব দেশের আইনশৃঙ্খলা রক্ষায় কাজ করেন। তিনি পেশায়– **ঘ**
ক) বিচারক খ) আইনজীবী
গ) ব্যবসায়ী ঘ) পুলিশ

**শিখনফল :** বিভিন্ন পেশাজীবীর গুরুত্ব বুঝতে পারব।

২৪. তোমার মামা একজন আইনজীবী। তিনি কীভাবে আদালতকে সহায়তা করেন? **ক**
ক) আইনের ব্যাখ্যা দিয়ে খ) আইন প্রয়োগ করে
গ) বিচারের রায় দিয়ে ঘ) অপরাধীকে শাস্তি দিয়ে

২৫. নাদের বিদ্যালয়ে যাওয়ার পথে দেখল এক লোকের হাতের ইশারায় অনেক রিকশা, গাড়ি দাঁড়িয়ে গেল। ইশারা করা ব্যক্তিটি কে? **খ**
ক) ব্যবসায়ী খ) ট্রাফিক পুলিশ
গ) প্রকৌশলী ঘ) আইনজীবী

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **পোশাক শিল্প বাংলাদেশে এত গুরুত্বপূর্ণ কেন?**

**উত্তর :** তৈরি পোশাক রপ্তানি করে বাংলাদেশ প্রচুর পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জন করে বলে পোশাক শিল্প বাংলাদেশে এত গুরুত্বপূর্ণ।

২. **পরিচ্ছন্নতাকর্মীরা কোথায় কাজ করেন?**

**উত্তর :** পরিচ্ছন্নতাকর্মীরা বিদ্যালয়, অফিস, হাসপাতাল ও রাস্তায় কাজ করেন।

৩. **আমরা যানবাহন কেন ব্যবহার করি?**

**উত্তর :** এক স্থান থেকে অন্য স্থানে চলাচলের জন্য এবং মালামাল পরিবহনের জন্য আমরা যানবাহন ব্যবহার করি।

৪. **কারা কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার করেন?**

**উত্তর :** অফিস কর্মীরা তাদের প্রয়োজনে কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার করেন।

৫. **আমাদের চিকিৎসা সেবা প্রদান করেন কে?**

**উত্তর :** ডাক্তার আমাদের চিকিৎসা সেবা প্রদান করেন।

৬. **দেশের আইন মেনে চলতে হয় কাদের?**

**উত্তর :** দেশের প্রত্যেক নাগরিককে আইন মেনে চলতে হয়।

৭. **বিচারকাজে কারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন?**

**উত্তর :** বিচারকাজে আইনজীবীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

৮. **কেউ অপরাধ করলে তাকে কী করা হয়?**

**উত্তর :** কেউ অপরাধ করলে তাকে বিচার ব্যবস্থার সম্মুখীন করা হয়।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ <u>সাধারণ</u>

১. **কয়েকটি পেশার মানুষের নাম লেখ। বিচারক কী কাজ করেন? পুলিশের ৩টি দায়িত্ব লেখ।**

**উত্তর :** আমাদের সমাজে বিভিন্ন রকমের পেশার মানুষ রয়েছেন। তাঁদের উল্লেখযোগ্য হলেন– বিচারক, আইনজীবী, পুলিশ, প্রকৌশলী, ব্যবসায়ী, শ্রমিক প্রমুখ।

বিচারক আদালতে ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে আনীত অভিযোগের বিচার কাজ সম্পন্ন করেন।

পুলিশের তিনটি দায়িত্ব হলো নিম্নরূপ :

১. দেশের আইনশৃঙ্খলা রক্ষায় কাজ করা।
২. অপরাধীকে ধরে বিচারের সম্মুখীন করা।
৩. সুষ্ঠুভাবে যানবাহন চলাচলে সাহায্য করা।

২. **সব পেশাই মর্যাদার অধিকারী কেন?**

**উত্তর :** কোনো মানুষ তার যাবতীয় কাজ একা করতে পারে না। একজন পেশাজীবীকে অন্য পেশার মানুষের উপর নির্ভর করতে হয়। যেমন– একজন বিচারককে তার চিকিৎসার জন্য চিকিৎসকের উপর নির্ভর করতে হয়। ঠিক তেমনি, একজন চিকিৎসককেও তার কাপড় পরিষ্কার করার জন্য ধোপার উপর নির্ভর করতে হয়। কাজেই সমাজের সব পেশা বা কাজই মর্যাদার অধিকারী।

৩. **আমরা সব পেশার মানুষকে শ্রদ্ধা করব কেন?**

**উত্তর :** মানুষ তার জীবিকার প্রয়োজনে বিভিন্ন পেশা বেছে নেয়। প্রতিটি পেশাই সমান গুরুত্বপূর্ণ। এক পেশার মানুষ অন্য পেশার মানুষের সাহায্য ছাড়া চলতে পারে না। তাই সব পেশার মানুষকে আমরা শ্রদ্ধা করব।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>